



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা।
www.bpdb.gov.bd



নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৪.০৩২.২১-১৪৯১

১৪ আষাঢ় ১৪২৮
তারিখ: _____
২৮ জুন ২০২১


অফিস আদেশ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ২০১৯-২০২০ অর্থ বছরের APA (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জন করায় কর্মকর্তা/কর্মচারীদের ০১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ ইনসেনটিভ বোনাস প্রদানের বিষয়ে অর্থ বিভাগের ২৪-০৬-২০২১ তারিখের ০৭.০১.০০০০.০০১.০২৩.০৪২.১৫(অংশ-১)-১৩১ ও বিদ্যুৎ বিভাগের ২৮-০৬-২০২১ তারিখের ২৭.০৪২.০২৩.০১.০০.০০১.২০২১(অংশ-১)-২৪০ সংখ্যক স্মারকে সম্মতি পাওয়া গেছে।

০২। সে প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ২৮-০৬-২০২১ তারিখের ১৯০১ তম ভার্চুয়াল সাধারণ বোর্ডসভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত শর্তে কর্মকর্তা/কর্মচারীদের এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ ইনসেনটিভ বোনাস মঞ্জুর করা হল:

শর্তাবলী:

- ইনসেনটিভ বোনাস প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীগণ ২০১৯-২০২০ অর্থ বছরের জুন, ২০২০ মাসের মূলবেতনের সমপরিমাণ ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন।
- ২০১৯-২০২০ অর্থ বছরে কোন কর্মকর্তা/কর্মচারীর আকস্মিক মৃত্যু এবং পি আর এল এ গমনের পূর্ব কর্মকাল নূন্যতম ১৮০ (একশত আশি) দিন বা তার বেশী হলে ১ (এক) মাসের সমপরিমাণ এবং ১৮০ দিনের কম হলে কর্ম দিবসের ভিত্তিতে আনুপাতিক হারে বোনাস প্রাপ্য হবেন।
- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে অন্য সংস্থায় প্রেরণে (Deputation) নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী, যারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেন তারা এই বোনাস প্রাপ্য হবেন।
- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে অন্য সংস্থায় Lien এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী, যারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেন না তাদের ক্ষেত্রে এই বোনাস প্রযোজ্য হবে না।
- সরকার কর্তৃক নিয়োগকৃত এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে কর্মরত কর্মকর্তাগণ, যারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেন তারা এই বোনাস প্রাপ্য হবেন।
- ২০১৯-২০২০ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে নতুন যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী গণের কর্মকাল ১৮০ দিন বা তার বেশী হলে ১ (এক) মাসের সমপরিমাণ এবং ১৮০ দিনের কম হলে কর্ম দিবসের ভিত্তিতে আনুপাতিক হারে বোনাস প্রাপ্য হবেন।
- ২০১৯-২০২০ অর্থ বছরে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা বা অন্য কোন মামলায় দণ্ড আরোপ বা শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হলে ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন না।
- কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ২০১৯-২০২০ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় মামলা ও অন্য যে কোন মামলা চলমান থাকলে মামলা হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তিনি “ইনসেনটিভ বোনাস” প্রাপ্য হবেন না। অব্যাহতি পত্র প্রাপ্তি সাপেক্ষে বোনাস প্রাপ্য হবেন।
- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য ইনসেনটিভ বোনাস প্রদানের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে এই বিষয়ে মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর মতামতের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।


সচিব

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৫৫৪২০৯

ই-মেইল: secretary@bpdb.gov.bd

১৪ আষাঢ় ১৪২৮


তারিখ: _____

২৮ জুন ২০২১

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৪.০৩২.২১-১৪৯১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সদস্য, প্রশাসন/ অর্থ/কোম্পানী অ্যাফেয়ার্স/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/বিতরণ/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি বিউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- সকল উপ পরিচালক (হিসাব), আঞ্চলিক হিসাব দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- অফিস কপি।


সহকারী সচিব (উন্নয়ন)

সহকারী সচিব (উন্নয়ন)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।